

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা - ১০০০।

বিআরপিডি সার্কুলার নং - ০২

মার্চ ১৩, ২০১৭
তারিখ :-----
ফাল্গুন ২৯, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

শিডিউল অব চার্জেস প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১৯ তারিখঃ ডিসেম্বর ২২, ২০০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আমানতকারী/বিনিয়োগকারী/গ্রাহকের স্বার্থ সংরক্ষণকল্পে কতিপয় চার্জ যৌক্তিকীকরণ করে বিআরপিডি সার্কুলার নং- ১৯/২০০৯, ০৯/২০১০ এবং ১৯/২০১০ জারী করা হয়। সম্প্রতি, ব্যাংকসমূহের শিডিউল অব চার্জেস পর্যালোচনায় পরিলক্ষিত হয়েছে যে, কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ [Cottage, Micro, Small and Medium Enterprise (CMSME)] খাতে ঋণের আবেদনপত্র গ্রহণ থেকে শুরু করে ঋণ মঞ্জুরী পর্যন্ত বিভিন্ন পর্যায়ে গ্রাহকের নিকট হতে ভিন্ন ভিন্ন নামে ও হারে চার্জ/ফি/কমিশন আদায় করা হচ্ছে। ফলে, গ্রাহকের ঋণের প্রকৃত ব্যয় বৃদ্ধি পাচ্ছে যা এ খাতের উন্নয়নকে বাধাগ্রস্ত করতে পারে।

০৩। এ প্রেক্ষিতে, কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (CMSME) খাতে ঋণ বিতরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী প্রযোজ্য হবে :

(ক) ঋণ আবেদন ফি (Loan Application Fee) হিসেবে ২০০/- টাকার অধিক আদায় করা যাবে না।

(খ) ডকুমেন্টেশন ফি (Documentation Fee), সিআইবি চার্জ (CIB Charge), স্ট্যাম্প চার্জ (Stamp Charge) এবং আইনি ও জামানত মূল্যায়ন ফি (Legal and Valuation Fee) প্রকৃত ব্যয়ের (At Actual) ভিত্তিতে নির্ধারিত হবে।

(গ) কটেজ ও মাইক্রো খাতে প্রদত্ত ঋণ মেয়াদপূর্তির পূর্বে সমন্বয়ের ক্ষেত্রে Early Settlement Fee আদায় করা যাবে না।

(ঘ) উল্লেখিত ফি/চার্জ এর অতিরিক্ত কোন চার্জ/ফি/কমিশন CMSME খাতে প্রদত্ত ঋণ হিসাব থেকে আদায় করা যাবে না।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২